

# এক মাস বন্ধ সব কোচিং সেন্টার: শিক্ষামন্ত্রী


অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:১৬, ২৫ এপ্রিল ২০২৩



শিক্ষামন্ত্রী দীপু মনি।

এসএসসি ও সমমানের পরীক্ষার জন্য আগামী ২৬ এপ্রিল থেকে ২৩ মে পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।



6 দিনের মধ্যে রক্তনালী 18 বছর  
বয়সের মতো হবে!  
প্রতিদিন সকালে খালি পেটে এটি  
করুন



এই প্রাচীন কৌশলটি জেনে আমি  
এক সপ্তাহে ছোট হয়েছি  
আমি আমার মাঘের কাছ থেকে এই  
সম্পর্কে শিখেছি, যিনি 20 বছরের  
ছোট দেখায়।

মঙ্গলবার (২৫ এপ্রিল) আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে জাতীয় মনিটরিং ও আইন  
শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সভা শেষে এ কথা জানান মন্ত্রী।

দীপু মনি বলেন, কেন্দ্র সচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ  
(ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। কেন্দ্র সচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ  
মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না।  
অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীদের বিরুদ্ধে বিধি অনুযায়ী, ব্যবস্থা  
গ্রহণ করা হবে।

ট্রেজারি-থানা থেকে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক,  
কর্মচারীরা কোনো ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো  
কাঁচযুক্ত মাইক্রোবাস বা এমন কোনো ঘানবাহন ব্যবহার করা যাবে না।

আগামী ৩০ এপ্রিল শুরু হচ্ছে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা। পরীক্ষা শুরু  
হবে সকাল ১০টায় এবং শেষ হবে দুপুর ১টায়। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে  
পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারণে কোনো পরীক্ষার্থী  
দেরিতে কেন্দ্রে উপস্থিত হলে, তার নাম, রোল নম্বর, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ  
ইত্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে ওইদিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রতিবেদন দিতে  
হবে।